গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
অগ্নি শাখা-১
www.ssd.gov.bd

স্মারক নং- ৫৮.০০.০০০০.০৫২.১৫.০১২.১৯- ৫৭১

তারিখ : ২৭ ভাদ্র ১৪২৫ / ১১ সেপ্টেম্বর ২০১৯

বিষয় : ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে সহকারী পরিচালক এর ৪৩ (তেতাল্লিশ)টি নুতন পদ সৃজনের প্রস্তাব প্রেরণ সংক্রান্ত।

সূত্র : ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্মারক নং-৫৮.০৩.০০০০.০০২.১৫.০১৭.২০১৯-৮৮০৭, তারিখ: ২২/০৮/২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১৯৮২ সালে বাংলাদেশ ফায়ার সার্ভিস পরিদপ্তর, রেসকিউ বিভাগ এবং সিভিল ডিফেন্স-এই ০৩টি সংস্থাকে একীভূত করে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর প্রতিষ্ঠা করা হয়। প্রতিষ্ঠাকালে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের জনবল ছিল ৩৮৭৬ জন এবং ফায়ার স্টেশনের সংখ্যা ছিল ১০৯টি। বর্তমানে ফায়ার স্টেশনের সংখ্যা ৪১০টি এবং জনবল ১২,১৫০ জন। মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা অনুযায়ী প্রত্যেক উপজেলায় ন্যূনতম ০১টি ফায়ার স্টেশন স্থাপন করা হলে মোট ফায়ার স্টেশনের সংখ্যা হবে ৫৬৫টি এবং জনবল হবে প্রায় ১৬০০০।

০৩। বর্তমানে দেশের ৬৪টি জেলার মধ্যে ২১টি বৃহত্তর জেলায় সহকারী পরিচালক পদের (বেতনস্কেল, ২৯,০০০-৬৩,৪১০/-, গ্রেড-৭ম) দায়িত্ব পালন করছেন। বাকী ৬৪-২১=৪৩টি জেলায় উপসহকারী পরিচালক পদের (বেতনস্কেল, ১৬০০০-৩৮৬৪০/-, গ্রেড-১০) কর্মকর্তা দায়িত্ব পালন করছেন। ১৯৮৩ সালে প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত কমিটির সুপারিশক্রমে তৎকালীন প্রত্যেক মহকুমায় ০১টি করে উপসহকারী পরিচালক (বেতনস্কেল, ১৬০০০-৩৮৬৪০/-, গ্রেড-১০) এর পদ সৃজন করা হয়। পরবর্তীকালে সকল মহকুমাকে জেলায় রুপান্তর করা হলেও তার সাথে সামঞ্জস্য রেখে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাস করা হয়নি। ফলে, গুরুত্বপূর্ণ এ পদটি অন্যান্য দপ্তরের কর্মকর্তাগণের তুলনায় নিম্ন পর্যায়ে রয়ে গেছে।

০৪। দেশের ক্রমবর্ধমান উন্নয়নের সাথে সাথে ফায়ার সার্ভিসের সেবামূলক কাজের ধরণ ও বৈশিষ্টেও অনেক বৈচিত্র্য এসেছে এবং পাশাপাশি প্রতিষ্ঠানটির কাজের পরিধিও অনেক সম্প্রসারিত হয়েছে। উক্ত ৪৩টি জেলায় উপসহকারী পরিচালক পদের স্থলে সহকারী পরিচালক এর পদ সৃজন না হওয়ায় এ সব জেলায় বর্তমানে দায়িত্ব পালনরত উপসহকারী পরিচালকগণ কর্তৃক জেলা পর্যায়ের সভা, সেমিনারে অংশগ্রহণ করা এবং আন্ত:দপ্তর সমন্বয়ের ক্ষেত্রে সমস্যা হয়ে থাকে। জেলা পর্যায়ের কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, সমাজসেবা অধিদপ্তর, যুব উন্নয়ন অধিদপ্তর, ইসলামিক ফাউন্ডেশন, মহিলা বিষয়ক অধিদপ্তর, বিআরডিবি, পরিবেশ অধিদপ্তর ইত্যাদি প্রতিষ্ঠানে বর্তমানে উপপরিচালক পদের কর্মকর্তাগণ দায়িত্ব পালন করে থাকেন। এ প্রেক্ষাপটে জেলা পর্যায়ের অন্যান্য দপ্তরের কর্মকর্তাগণের পদবির সাথে সামঞ্জস্য রেখে উক্ত ৪৩টি জেলায় ৪৩টি সহকারী পরিচালকের পদ সৃজনের জন্য মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর নির্ধারিত চেকলিস্ট অনুযায়ী প্রস্তাব প্রেরণ করেছেন। প্রস্তাবের সাথে অর্গানোগ্রাম, পদ সৃষ্টি সংক্রান্ত পূরণকৃত ছক, পদ সৃষ্টির যৌক্তিকতা, বার্ষিক আর্থিক সংশ্লেষ বিবরণী, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সময় ভিত্তিক কর্মপরিকল্পনা ইত্যাদি প্রেরণ করা হয়েছে।

০৫। উপরে বর্ণিত অবস্থার প্রেক্ষিতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের আওতাভুক্ত ২১টি বৃহত্তর জেলা ব্যতীত সাধারণ ক্যাটাগরির ৪৩টি জেলায় সহকারী পরিচালকের ৪৩টি পদ সৃজনের বিষয়ে সম্মতি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো। উক্ত বিষয়ে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহোদয়ের সদয় সম্মতি রয়েছে।

সংযুক্তি : বর্ণনামতে ------- ফর্দ।

১১/৯/২০১৯

(মোহাম্মদ ফজলে আজিম)
উপসচিব
ফোন: ৯৫৭৬৩৪৩
E-mail: fire1@ssd.gov.bd

সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

০১। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।